দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1995
পৃষ্ঠা ৭ কলাম ৪

### প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধি অধিবেশন

# সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ছাড়া উন্নয়ন সম্ভব নয়ঃ সালাম

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদার দেশের উন্নয়ন ও অগ্রগতিকে ত্বরান্বিত করার লক্ষ্যে সমগ্র জাতিকে শিক্ষিত করে গড়ে তোলার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী শুক্রবার ঢাকার বশির উদ্দীন উচ্চ বিদ্যালয় ও কলেজে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ৫ম প্রতিনিধি পরিষদের অষ্টম অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অধিবেশনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংসদ সদস্য সৈয়দ মোঃ মোহসীন, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রাইম ব্যাংকের চেয়ারম্যান ডঃ আর এ গনি, সাবেক সংসদ সদস্য রফিকুল ইসলাম রনি এবং সমিতির উপদেষ্টা মোস্তাফা কামাল-মহিউদ্দিন।

মন্ত্রী বলেন, শিক্ষা ছাড়া কোন জাতির উন্নতি সম্ভব নয়। সরকার তাই শিক্ষা বিস্তারে সর্বোচ্চ গুরুত্ব এবং শিক্ষকদের যথেষ্ট আর্থিক সুযোগ-সুবিধা দিয়েছে। অচিরেই প্রাথমিক শিক্ষকদের বেতন বৈষম্য দূর করার সরকারী ঘোষণার কথাও তিনি উল্লেখ করেন। সরকারের শিক্ষা কর্মসূচীগুলি বাস্তবায়িত হলে আগামী দু'হাজার সাল নাগাদ দেশে শিক্ষার হার ৬৫ শতাংশে উন্নীত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সুষ্ঠু গণতন্ত্রিক পরিবশে ছাড়া উন্নয়ন সম্ভব নয় ঃ সালাম

(প্রথম পৃষ্ঠার পর)

জনাব সালাম তালুকদার বলেন, বর্তমান সরকার দেশে অর্থনৈতিক শৃংখলা ফিরিয়ে এনেছে। তিনি বলেন, বিএনপি যখন ক্ষমতায় আসে তখন বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অভ্যন্তরীণ সম্পদ যোগানের পরিমাণ ছিল শূন্য শতাংশ। গত বছর এর পরিমাণ দাঁড়িয়েছে ৩৮ শতাংশ এবং এ বছর এটা ৪০ থেকে ৪৩ শতাংশে উন্নীত হবে।

মন্ত্রী বলেন, সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়। গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে প্রতিটি রাজনৈতিক দলকে যথাযথ দায়িত্ব পালন করতে হবে। শিক্ষকদের মানুষ গড়ার কারিগর এবং জাতি ও সমাজের সচেতন অংশ হিস্যাবে উল্লেখ করে সম্মিলিত প্রয়াসের মাধ্যমে সুন্দর দেশ গড়তে অঙ্গীকারাবদ্ধ হবার জন্য তিনি তাদের প্রতি আহবান জানান।